



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## ॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

### জাতির পিতা বঙ্গবন্ধুর ৯৮তম জন্মবার্ষিকী উপলক্ষে

## ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে সারাদেশে ৭১ হাজার ৫৩৫টি স্থানে কুরআনখানি, দোয়া মাহফিল ও আলোচনা সভা

ঢাকা, বৃহস্পতিবার, ১৫ মার্চ ২০১৮ ॥

জাতীয় শিশু দিবস ২০১৮ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে সারাদেশে ৭১ হাজার ৫৩৫টি স্থানে কুরআনখানি, দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে। ইসলামিক ফাউন্ডেশনের ৬৪টি জেলা কার্যালয়, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষার ৬৭ হাজার ৩৬৮ টি কেন্দ্র, ৫৫০টি উপজেলা/জোন, ১ হাজার ৫শ টি মডেল রিসোর্স সেন্টার, ১ হাজার ১০টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা, ৫০টি ইসলামিক মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমী, মসজিদ পাঠাগার শক্তিশালীকরণ প্রকল্পের ৫৪১ টি মডেল লাইব্রেরী এবং ইসলামিক মিশনের ৪৪৫ টি মাদ্রাসা মজুতে ১৭ মার্চ শনিবার সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচি শুরু হবে। এরপর সকাল ৭টায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষার ৬৭,৩৬৮টি কেন্দ্র ও ১০১০টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় কুরআনখানি, মিলাদ, কিয়াম ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। সকাল ৮টায় জেলা, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে মোট ৭ হাজার ৭২২টি কেন্দ্রে শিশু সমাবেশ, র্যালি, হামদ-না'ত, গজল পরিবেশন, কবিতা আবৃত্তি, ইসলামিক ফাউন্ডেশনের থিম সং পরিবেশনসহ জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

সকাল ১০টা থেকে ১২টায় ১ম থেকে ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী' এবং ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য 'ইসলাম প্রচার প্রসারে বঙ্গবন্ধু' শিরোনামে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

এদিকে কেন্দ্রীয়ভাবে, ১৭ মার্চ শনিবার সকাল ১০টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শাহাদাতবরণকারী সকল সদস্যের রুহের মাগফিরাত কামনা করে কুরআনখানি, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। এরপর সকাল ১১টায় ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মুকাররমস্থ মিলনায়তনে 'বঙ্গবন্ধুর জীবন ও কর্ম' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

এছাড়া ১৭ মার্চ বাদ জোহর দেশের প্রতিটি মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনা করে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজনের জন্য ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২